



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন : ০২-৯৫৭৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd



নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২০-২০২১/১৭১০

তারিখঃ ৩০ জুন ২০২১

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সরকার কর্তৃক  
আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ১৬ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ, ৩০ জুন ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-২৭ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনা প্রয়োজনীয় ব্যাংকিং সুবিধা নিশ্চিত করার স্বার্থে বিধি-নিষেধ চলাকালে প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, আইসিটি অপারেশন বিভাগ, কেন্দ্রীয় হিসাব বিভাগ, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ, ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ, হিসাব সমন্বয় বিভাগ, ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ, ক্রেডিট বিভাগ, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, প্রকিউরমেন্ট কর্মকর্তা ও পরিবহন বিভাগ, পরিপালন বিভাগ ও নিরীক্ষা বিভাগ সীমিত সংখ্যক জনবল দ্বারা খোলা থাকবে। এছাড়াও, অন্যান্য বিভাগসমূহ প্রয়োজনীয়তার নিরীখে সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক মহোদয়ের নির্দেশনা মোতাবেক খোলা রাখা যাবে।

০৩। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত ডিওএস সার্কুলার লেটার নং-২৭, তারিখ ৩০ জুন ২০২১ খ্রিষ্টাব্দ এর নির্দেশনা মোতাবেক বিভাগীয় মহাব্যবস্থাপকগণ নিজস্ব বিবেচনায় তাঁর নিয়ন্ত্রনামূলক শাখা/কার্যালয় খোলা রাখা সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান পূর্বক খোলা শাখাসমূহের তালিকা আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ এবং শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগকে অবহিত করবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(জামিল হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২০-২০২১/১৭১০

তারিখঃ ৩০ জুন ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। নথি/মহানথি।

(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৭

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৮  
৩০ জুন ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সরকার  
কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় সরকার কর্তৃক ১ জুলাই ২০২১ হতে ৭ জুলাই ২০২১ পর্যন্ত কতিপয় বিধি-নিষেধ ঘোষণা করা হয়েছে। বিধি-নিষেধ চলাকালে সীমিত পরিসরে ব্যাংক ব্যবস্থা চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ লক্ষ্যে ব্যাংকসমূহ কর্তৃক অনুসরণের জন্য নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

০১। ১ জুলাই ২০২১ ব্যাংক হলিডে এবং ২ ও ৩ জুলাই ২০২১ সাপ্তাহিক ছুটির দিন হওয়ায় ব্যাংক বন্ধ থাকবে। বিধি-নিষেধ চলাকালে শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটিসহ প্রতি রবিবার ব্যাংক বন্ধ থাকবে। তবে, এক্ষেত্রে অনুচ্ছেদ নং ৩(ঙ) এবং ৩(চ) এর নির্দেশনা পরিপালন করতে হবে।

০২। ছুটির দিন ও রবিবার ব্যতীত সপ্তাহের অন্যান্য দিনে ব্যাংকিং সময়সূচি হবে নিম্নরূপঃ

ব্যাংকিং লেনদেন সময়সূচি	লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের সময়কাল
সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ১:৩০ ঘটিকা পর্যন্ত	অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত।

০৩। সীমিত পরিসরে ব্যাংক ব্যবস্থা পরিচালনার সময়ে-

ক) ব্যাংকের প্রধান কার্যালয়ের অত্যাবশ্যকীয় বিভাগসমূহ যথাসম্ভব সীমিত লোকবলের মাধ্যমে খোলা রাখতে হবে;  
খ) ব্যাংকের প্রিন্সিপাল/প্রধান শাখা এবং সকল বৈদেশিক বাণিজ্য শাখা (এডি শাখা) সীমিত সংখ্যক অত্যাবশ্যকীয় লোকবলের মাধ্যমে খোলা রাখতে হবে;

গ) রাষ্ট্র-মালিকানাধীন ব্যাংকসমূহের ক্ষেত্রে ব্যাংক ব্যবস্থাপনার বিবেচনায় প্রতিটি জেলা সদরে ও উপজেলায় ১টি করে শাখা খোলা রাখতে হবে;

ঘ) অন্যান্য সকল ব্যাংকের ক্ষেত্রে প্রতিটি জেলা সদরে ১টি শাখা খোলা রাখতে হবে এবং জেলা সদরের বাইরে ব্যাংক ব্যবস্থাপনার বিবেচনায় অনধিক ২টি শাখা খোলা রাখা যাবে;

ঙ) কার্ডের মাধ্যমে লেনদেন ও ইন্টারনেট ব্যাংকিং সেবা সার্বক্ষণিক চালু রাখতে হবে; এবং

চ) এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ সার্বক্ষণিক চালু রাখতে হবে।

চলমান পাতা-০২

০৪। বিধি-নিষেধ চলাকালে নিম্নোক্ত ব্যাংকিং সেবা চালু রাখতে হবে-

গ্রাহকদের হিসাবে নগদ/চেকের মাধ্যমে অর্থ জমা ও উত্তোলন, ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার ইস্যু ও জমা গ্রহণ, বৈদেশিক রেমিট্যান্সের অর্থ পরিশোধ, সরকারের বিভিন্ন সামাজিক কার্যক্রমের আওতায় প্রদত্ত ভাতা/অনুদান বিতরণ, একই ব্যাংকের খোলা রাখা বিভিন্ন শাখা ও একই শাখার বিভিন্ন হিসাবের মধ্যে অর্থ স্থানান্তর, ট্রেজারি চালান গ্রহণ, অনলাইন সুবিধা সম্বলিত ব্যাংকের সকল গ্রাহকের এবং উক্ত সুবিধা বহির্ভূত ব্যাংকের খোলা রাখা শাখার গ্রাহকদেরকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালু রাখা বিভিন্ন পেমেন্ট সিস্টেমস/ক্লিয়ারিং ব্যবস্থার আওতাধীন অন্যান্য লেনদেন সুবিধা প্রদান এবং জরুরী বৈদেশিক লেনদেন সংক্রান্ত কার্যাবলী।

০৫। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপ-শাখা/বুখসমূহ সার্বক্ষণিক খোলা রাখার বিষয়ে ৫ আগস্ট ২০১৯ এ জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে স্বাস্থ্য বিধি পরিপালন নিশ্চিতপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৬। বিধি-নিষেধ চলাকালে যে সকল শাখা বন্ধ থাকবে সে সকল শাখার গ্রাহক সেবা কার্যক্রম খোলা রাখা শাখার মাধ্যমে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বন্ধকৃত শাখার গ্রাহকগণের গ্রাহক সেবা প্রাপ্তি বিষয়ে অবহিত করতে উক্ত শাখার দৃশ্যমান স্থানে তা বিজ্ঞপ্তি আকারে প্রদর্শন নিশ্চিত করতে হবে।

০৭। সকল খোলা রাখা শাখার ক্ষেত্রে স্বাস্থ্য বিধি পরিপালনপূর্বক সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে ব্যাংকিং সেবা নিশ্চিত করতে হবে। বিধি-নিষেধ চলাকালে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের স্ব স্ব অফিসে আনা-নেয়ার জন্য সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীগণকে চলাচলের সময় স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বহন করতে হবে।

০৯। ১৬ জুন ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৫ এর কার্যকারিতা রহিত করা হলো।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৩